# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০০১

১১/ নামাজ শুরু করা (كتاب الافتتاح)

পরিচ্ছেদঃ ৭১/ ইশার নামাযে "ওয়াশ-শামাসি ওয়াযুহাহা" পাঠ করা।

---

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ صَلَّى مُعَاذُ بْنُ جَبَلٍ لأَصْحَابِهِ الْعِشَاءَ فَطَوَّلَ عَلَيْهِمْ فَانْصَرَفَ رَجُلٌ مِنَّا فَأُخْبِرَ مُعَاذٌ عَنْهُ فَقَالَ إِنَّهُ مُنَافِقٌ . فَلَمَّا بَلَغَ ذَلِكَ الرَّجُلَ دَخَلَ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَأَخْبَرَهُ بِمَا قَالَ مُعَاذٌ . فَقَالَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَتُرِيدُ أَنْ تَكُونَ فَتَّانًا يَا مُعَاذُ إِذَا أَمَمْتَ النَّاسَ فَاقْرَأْ بِالشَّمْسِ وَضُحَاهَا وَ (سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى) وَ (وَاللَّيْلِ إِذَا يَغْشَى) وَ (اقْرَأْ بِاسْمِ رَبِّكَ) " .

বাংলা

১০০১। কুতায়বা (রহঃ) ... জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মু’আয ইবনু জাবাল (রাঃ) তাঁর সাথীদের নিয়ে ইশার সালাত আদায় করেছিলেন। তিনি সালাতে দীর্ঘ করলে আমাদের মধ্যে এক ব্যক্তি চলে গেল। মুআয (রাঃ) কে এ সংবাদ দেয়া হলে তিনি বললেন, সে ব্যক্তি মুনাফিক। ঐ ব্যক্তির নিকট এ সংবাদ পৌঁছলে সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেল এবং মু’আয (রাঃ) যা বলেছিলেন তা তাঁকে অবহিত করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, হে মু’আয! তুমি কি (লোকদের মধ্যে) ফিৎনা সৃষ্টি করতে চাও? যখন তুমি লোকদের ইমামতি করবে তখন ওয়াশ্‌শামসি ওয়াদুহাহা ও সাব্বিহিসমা রাব্বিকাল আলা, ওয়াল লাইলি ইযা ইয়াগশা এবং ইকরা বিস্‌মি রাব্বিকা পাঠ করবে।

## English

It was narrated that Jabir said:
"Mu'adh bin Jabal led his companions in praying Isha' and he made it lengthy. A man left, and Mu'adh was told about that, and he said: 'He is a hypocrite.' When news of that reached the man, he went to the Prophet (ﷺ) and told him what Mu'adh had said. The Prophet (ﷺ) said to him: 'Do you want to be a cause of hardship, O Mu'adh? When you lead the people in

prayer, recite 'By the sun and its brightness' and 'Glorify the Name of your Lord, the Most High' and 'By the night as it envelops'and 'Read! In the Name of your Lord.'"

## ফুটনোট

সহিহ, বুখারি হাঃ ৬১০৬, [পূর্বের হাদিস দ্রষ্টব্য]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=20005

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন